সমকাল

তারিখ 18 NOV 2015
পৃষ্ঠা 9 কলাম 8

ছাত্রকে মারধর

# নজরুল বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের সড়ক অবরোধ, ভাংচুর

■ ত্রিশাল (ময়মনসিংহ) প্রতিনিধি

ময়মনসিংহের ত্রিশালে অবস্থিত জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের এক শিক্ষার্থীকে গাড়ির শ্রমিকরা লাঞ্ছিত ও মারধর করার প্রতিবাদে ঢাকা-ময়মনসিংহ মহাসড়কের বিশ্ববিদ্যালয় বাইপাস মোড় এলাকায় সড়ক অবরোধ করে বিক্ষুব্ধ শিক্ষার্থীরা কয়েকটি গাড়ি ভাংচুর করেছে।

জানা গেছে, গত সোমবার রাত ৯টার দিকে ময়মনসিংহ শহরের মাসকান্দা এলাকায় কবি নজরুল বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী রিফাত হাসানকে মারধর করে রূপকথা ক্লাসিক পরিবহনের শ্রমিকরা। এর জের ধরে গতকাল মঙ্গলবার সকাল ১০টা থেকে ঢাকা-ময়মনসিংহ মহাসড়কের ফায়ার সার্ভিসের সামনে প্রায় ঘণ্টাব্যাপী সড়ক অবরোধ করা হয়। পরে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর প্রফেসর ড. মাহবুব হোসেন এবং ত্রিশাল থানার ওসি মনিরুজ্জামান ২৪ ঘণ্টার মধ্যে হামলাকারীদের আটকের আশ্বাস দিলে শিক্ষার্থীরা অবরোধ তুলে নেন।